



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।

ফোনঃ ০২২২৩৩৮৩১৬৫
Email:
dgmrecovery@krishibank.org.bd

প্রকা/আদায়/৯(১১২)/অংশ-০১/২০২২-২৩/ ৮২০

তারিখ : ২৩-০৩-২০২৩খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে

বিষয় : বাংলাদেশ কৃষি ব্যাংকের সুদ মওকুফ সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাগণকে পরবর্তী ঋণ সুবিধা প্রদান এবং
ব্যাংকের প্রচলিত সুদ মওকুফ নীতিমালা ০২/২০১৮ তারিখ ০৬/০৮/২০১৮ এর প্রয়োজনীয় সংশোধন প্রসঙ্গে।

মহোদয়

শিরোণামের বিষয়ে ব্যাংকের প্রচলিত সুদ মওকুফ নীতিমালা ০২/২০১৮ তারিখ ০৬/০৮/২০১৮ এর প্রতি সকলের
দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সুদ মওকুফ সুবিধাপ্রাপ্ত ঋণ গ্রহীতাগণকে পুনরায় ঋণ সুবিধা প্রদানের বিষয়ে গত ০৬/০৩/২৩ খ্রিঃ তারিখে
অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮২৭তম সভায় বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় যা ১৫/০৩/২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত
৮২৮তম সভায় দৃঢ়ীকৃত হয়েছেঃ

সিদ্ধান্তঃ

ঋণ আদায় বিভাগ, ব্যবস্থাপনা সমন্বয় কমিটি ও ব্যাংক ব্যবস্থাপনার সুপারিশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের কৃষি
ও পল্লী ঋণ নীতিমালায় বর্ণিত খাত ও উপখাতসমূহের আওতায় বিদ্যমান নর্মস এর নির্ধারিত সীমায় গৃহীত শুধুমাত্র কৃষি
ঋণগ্রহীতাগণ কর্তৃক সুদ মওকুফ সুবিধা গ্রহণ করা হলে পরবর্তীতে সংশ্লিষ্ট গ্রাহকগণকে নিম্নবর্ণিত বিষয়াবলি বিবেচনা সাপেক্ষে
পুনরায় ঋণ সুবিধা প্রদানের প্রস্তাবটি অনুমোদন করা হলো। এক্ষেত্রে ব্যাংকের বিদ্যমান সুদ মওকুফ নীতিমালা-০২/২০১৮ তারিখ
০৬-০৮-২০১৮ এর ৪.২১ নং অনুচ্ছেদটি সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় সংশোধন করতে হবে।

বিবেচ্য বিষয়াবলিঃ

- ক্ষতিগ্রস্থতায় প্রকল্প বা ব্যবসা বন্ধ হওয়ার কারণে সুদ মওকুফ করা হলে পরবর্তী সময়ে আবারো নিজস্ব
ব্যবস্থাপনায় ব্যবসা চালু করলে ব্যাংকের বিদ্যমান নীতিমালাসমূহের Due Diligence পরিপালন সাপেক্ষে সে
প্রতিষ্ঠানে ঋণ প্রদান বিবেচনা করা যাবে;
- পুনরায় ঋণ প্রদানের সময় ঋণ ঝুঁকি ম্যানুয়েল অনুযায়ী সঠিকভাবে ঋণ ঝুঁকি নির্ধারণ (সুদ মওকুফের প্রকৃত কারণ
বিবেচনায় নিয়ে) করে ঋণ বিতরণ করতে হবে;
- সুদ মওকুফ সুবিধাপ্রাপ্ত প্রতিষ্ঠানকে পুনরায় ঋণ প্রদানের ক্ষেত্রে পর্যাপ্ত ক্যাশ-ফ্লো সর্বোচ্চ গুরুত্বসহকারে বিবেচনায়
নিয়ে ঋণ প্রদান করতে হবে;
- ঋণ গ্রহীতার মৃত্যুজনিত কারণে সুদ মওকুফ করা হয়ে থাকলে পরবর্তীতে তার উত্তরাধিকারীগণ একই প্রতিষ্ঠান
নতুনভাবে/চলমান রাখলে পুনরায় ঋণ প্রদানের জন্য তা বিবেচনা করা যাবে;
- কৃষি ভিত্তিক শিল্প/প্রকল্প মড়কজনিত কারণে সুদ মওকুফ সুবিধা প্রাপ্ত হলে প্রতিষ্ঠান চলমান থাকা সাপেক্ষে পুনরায়
ঋণ প্রদান করা যাবে;
- বন্ধক সম্পত্তি নদীগর্ভে বিলীন হয়ে যাওয়ায় সুদ মওকুফ করা হয়ে থাকলে নতুন জামানত গ্রহণ সাপেক্ষে পুনরায়
ঋণ প্রদান করা যাবে;
- সুদ মওকুফ পরবর্তীতে পুনরায় ব্যবসা চালু করা হলে পর্যাপ্ত জামানত গ্রহণ সাপেক্ষে ঋণ প্রদান করা যাবে; এবং
- সুদ মওকুফ সুবিধা প্রাপ্ত ঋণগ্রহীতা যৌথ উদ্যোগে ব্যবসা প্রতিষ্ঠান চালু করলে ঋণ বিতরণের সকল নিয়মাচার ও
শর্তপূরণ সাপেক্ষে ঋণ প্রদান করা যাবে।

চলমান পাতা-০২

০৪। পরিচালনা পর্ষদের সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ব্যাংকের প্রচলিত সুদ মওকুফ নীতিমালা ০২/২০১৮তারিখ ০৬/০৮/১৮ এর সংশ্লিষ্ট অনুচ্ছেদসমূহ নিম্নরূপে সংশোধন/সংযোজন করা হলোঃ

অনুচ্ছেদ নং	বিদ্যমান নির্দেশনা	সংশোধিত নির্দেশনা
৪.২১	সুদ মওকুফ সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাগণকে পরবর্তীতে কোনক্রমেই পুনরায় ঋণ প্রদান করা যাবে না। তবে, ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত কৃষি ঋণ গ্রহীতাদের সুদ মওকুফ সুবিধা গ্রহণের পরেও পুনরায় ঋণ প্রদান করা যাবে।	বাংলাদেশ ব্যাংকের কৃষি ও পল্লী ঋণ নীতিমালায় বর্ণিত খাত ও উপখাতসমূহের আওতায় বিদ্যমান নমস এর নির্ধারিত সীমায় গৃহীত শুধুমাত্র কৃষি ঋণগ্রহীতাগণ কর্তৃক সুদ মওকুফ সুবিধা গ্রহণ করা হলে পরবর্তীতে সংশ্লিষ্ট গ্রাহকগণকে উপরোল্লিখিত বিষয়াবলি বিবেচনা নিয়ে পুনরায় ঋণ প্রদান করা যাবে।
৯.১	নতুন সংযোজন	পর্ষদ ব্যতীত অন্যান্য কমিটি কর্তৃক সুদ মওকুফ সুবিধা প্রদান করা হলে সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাগণের পুনরায় সুদ মওকুফ সুবিধা প্রদানের ক্ষেত্রে তা অবশ্যই পর্ষদের অনুমোদন গ্রহণ সাপেক্ষে করতে হবে।

০৫। গত ০৬/০৮/২০১৮ তারিখের সুদ মওকুফ নীতিমালা ০২/২০১৮ এর অন্যান্য নির্দেশনা এবং এ সংক্রান্ত ২৪/০২/২০২১ তারিখের স্পষ্টীকরণ পরিপত্র নং ০১/২০২১ ও বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ নির্দেশনা সংক্রান্ত ২০/০৬/২০২২ তারিখের পত্র নং ১০৯৬ এর নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

০৬। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংকের সুদ মওকুফ সুবিধা গ্রহণকারী শুধুমাত্র কৃষি ঋণগ্রহীতাগণ মওকুফোত্তর আদায়যোগ্য সম্পূর্ণ পাওনা পরিশোধ ও বিবেচ্য বিষয়াবলি পরিপালন সাপেক্ষে পুনরায় ঋণ প্রদান এবং সুদ মওকুফ নীতিমালার এতদসংক্রান্ত প্রয়োজনীয় সংশোধন/সংযোজন সংশ্লিষ্ট সকলের সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ আজিজুর রহমান ফকির)

উপমহাব্যবস্থাপক

তারিখ : ২৩-০৩-২০২৩ খ্রিঃ

প্রকা/আদায়/৯(১১২)/অংশ-০১/২০২২-২৩/ ৮২০

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-মহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
- ০৮। নথি/মহানথি।

২৩.০৩.২৩

(আবু জাফর মোহাম্মদ মহিউদ্দিন)

সহকারী মহাব্যবস্থাপক